

শ্রীশ্রীহরি সঙ্গীত

৬৫

- ৫। মহানন্দের দয়া হলে, দীনবন্ধু হরি মিলে।
অশ্বিনী তোর এই কপালে, ঘটবে কি অনাদির আদি।

৮৯ নং তাল-ঠুংরী

কে বলে রে রিপু ছয় জন, এরা গুরু সেবার মূল মহাজন।

- ১। কামকে লাগাও গুরু-সেবায়, ক্রোধ ভক্তদ্বেষী জনায়;
লোভ সাধু সঙ্গে সদায়, করুক হরি নাম সংকীৰ্ত্তন ॥

- ২। মোহ রূপ দরশনে, মত্ত থাকুক নিশি দিনে,
মত্ত হরি গুণ গানে, করুক সদা প্রেম আশ্বাদন ॥

- ৩। মাৎস্য মত্ত মাতঙ্গ, মহাভাবে দোলাক অঙ্গ,
যাঁর গুণে হয় প্রেম তরঙ্গ, শীতল করে তাপিত জীবন ॥

- ৪। দেহ চালায় এই ছয়জনে, নিবে নিত্য বৃন্দাবনে,
দেখাইবে হরি ধনে, শঙ্করের সাধনেরই ধন ॥

- ৫। গুরূপদে মতি রাখ, সদায় সাবধানে থাক,
অশ্বিনী তোর নাই বিপাক, পাবি হরির যুগল চরণ ॥

৯০ নং তাল-গড়খেমটা

যে জন রক্ষা করে পিতৃধন,
সেই সে ভবে বাপের বেটা বিচক্ষণ।

- ১। পিতৃধনের উপরে, হরিধন বিরাজ করে,
ল'য়ে রাসেশ্বরী, রাসবিহারী মহারাস করে।
যে জন অটল মানুষ, প্রেমে বেহুশ, সেই করে রূপ দরশন ॥
- ২। পিতৃধন রাখা বড় দায়, কইতে লাগে ভয়,
চম্বুক লোহার আকর্ষণে নার লোহা খসায়।
তেমনি মায়াবিনী চুম্বক লোহায়, পিতৃধন করে হরণ ॥